# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 05 July, 2025

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দেশে এখনো সুষ্ঠু নির্বাচনের কোনো পরিবেশ নেই।এবার ‘যেনতেন নির্বাচন’ মেনে নেওয়া হবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন তিনি।

শনিবার (৫ জুলাই) সকালে ফেনীতে রুকন সমাবেশে যোগ দিতে যাওয়ার পথে কুমিল্লার আলেখারচর বিশ্বরোডে এক পথসভায় এসব কথা বলেন তিনি।

ডা. শফিক বলেন, “১৪, ১৮ ও ২৪ মার্কা নির্বাচনের আলামত দেখা যাচ্ছে।যারা এই ধরনের অপকর্মের চিন্তা করছেন, তাদের জন্য আমাদের স্পষ্ট বার্তা– মানুষ রক্ত দিয়ে পরিবর্তন এনেছে।প্রয়োজনে আবারও রক্ত দিয়ে সেই পরিবর্তনকে সফল করব।এই জাতি কাউকে ছাড় দেয়নি, আমরাও দেব না।”

তিনি আরও বলেন, “যতদিন ফ্যাসিবাদের অস্তিত্ব থাকবে, ততদিন আমাদের লড়াই চলবে।আমাদের লড়াই কোনো ব্যক্তির বিরুদ্ধে নয়, ফ্যাসিবাদের বিরুদ্ধে– সেটা পুরনো হোক বা নতুন।”

জামায়াত আমির বলেন, “ছাত্র, যুবক, শ্রমিক অতীতে বুক চিতিয়ে যেভাবে অধিকার আদায়ে লড়াই করেছে, ভবিষ্যতেও তাদের সেই সাহস নিয়ে এগিয়ে যেতে হবে।আমরা এমন এক দেশ রেখে যেতে চাই, যেখানে কিশোর-তরুণরা শান্তিতে নিশ্বাস নিতে পারবে।”

চাঁদাবাজ ও দখলবাজমুক্ত সমাজ গড়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, “এ জন্য আল্লাহর আইনের বিকল্প নেই।আমরা সবাইকে আল্লাহর আইনের প্রতি আহ্বান জানাচ্ছি।”

পথসভায় সভাপতিত্ব করেন কুমিল্লা মহানগর জামায়াতের আমির ও কুমিল্লা-৬ আসনের প্রার্থী কাজী দ্বীন মোহাম্মদ।পরিচালনা করেন মহানগর সেক্রেটারি মাহবুবর রহমান।এতে আরও বক্তব্য রাখেন জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এটিএম মো. মাসুম, কেন্দ্রীয় শুরা সদস্য অ্যাডভোকেট মো. শাজাহান, উত্তর জেলা আমির অধ্যাপক আব্দুল মতিন, মহানগর নায়েবে আমির মোহাম্মদ মোছলেহ উদ্দিন, অধ্যাপক এ কে এম এমদাদুল হক মামুন, দক্ষিণ জেলার সহকারী সেক্রেটারি মু. মাহফুজুর রহমান, বরুড়া আসনের প্রার্থী অধ্যাপক শফিকুল আলম হেলাল প্রমুখ।

এর আগে সকালে কুমিল্লার বিভিন্ন স্থানে একাধিক পথসভায় অংশ নেন জামায়াত আমির।

জামায়াতে ইসলামী আমির ডা. শফিকুর রহমান নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:38

URL: https://timestodaybd.com/public/politics/4199775807